দৈনিক বাংলা

তারিখ ...23 NOV 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

133

# ভার্সিটি হলে নিরাপত্তা পরিষদ গঠিত হবে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ক্যাম্পাসে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধকল্পে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলিতে নিরাপত্তা পরিষদ গঠন করা হবে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এবং আবাসিক হলের প্রভোস্টদের এক সভায় যথাশীঘ্র সম্ভব এই নিরাপত্তা পরিষদ গঠনের আহবান জানানো হয়েছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা সভায় সভাপতিত্ব করেন।

জানা গেছে, প্রস্তাবিত নিরাপত্তা

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি হলে নিরাপত্তা

(প্রথম পৃঃ পর)

পরিষদের প্রধান হবেন সংশ্লিষ্ট হলের প্রভোস্ট। এ ছাড়া হল ছাত্র সংসদের কর্মকর্তা এবং বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিরা নিরাপত্তা পরিষদের অন্তর্ভুক্ত থাকবেন।

গতকালের সভায় বিশ্ববিদ্যালয়ের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ভাইস চ্যান্সেলর ক্যাম্পাসের সাম্প্রতিক এক ঘটনায় দুজন ছাত্র আহত হওয়ার কথা সভায় অবহিত করেন।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন আবাসিক হলে কোন বহিরাগত বা অস্ত্রধারীকে অবস্থান করতে দেয়া হবে না। অস্ত্রধারীদের গ্রেফতার করার জন্য প্রয়োজনে আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সাহায্য নেয়াহবে।

সভায় ক্যাম্পাসে শান্তি শৃঙ্খলা রক্ষায় সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।